

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন

২০২১

সেবার নাম: সাধারণ চিকিৎসা অনুদান

নং	বিষয়	বিবরণ	সহজিকরণ কার্যক্রম বাস্তবায়নের তারিখ
১.	সাধারণ চিকিৎসা অনুদান সহজিকরণ	সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য বছরে একবার চিকিৎসা অনুদান হিসেবে সর্বোচ্চ টা. ৪০,০০০/- প্রদান করা হয়। পূর্বে কর্মচারীর নিজ এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন। বর্তমানে কর্মচারী নিজে আমৃত্যু এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত এ অনুদান প্রাপ্য হবেন।	০১/০৭/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)
২.	দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত সময়ের মধ্যে কর্মচারীর মৃত্যু হলে বা কর্মচারীর পরিবারের সদস্যের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান প্রদান করা হবে। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন।	০১/০৭/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)
৩.	শিক্ষাবৃত্তি	কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত তার সর্বোচ্চ ২ সন্তানের ৯ম থেকে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নের জন্য বছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন।	০১/০৭/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা সহজিকরণ এবং উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন প্রতিবেদন ২০২১

সেবার নাম: জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান

নং	বিষয়	বিবরণ	বাস্তবায়নের তারিখ
১.	“জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান” সেবার যাচাই বাছাই সংক্রান্ত ২টি কমিটি একীভূত করে ১টি কমিটি গঠন করা হয়েছে”।	কমিটি পুনর্গঠন: ◆ পূর্বের আবেদন যাচাই বাছাই সংক্রান্ত স্বাস্থ্য অধিদপ্তরের স্থায়ী মেডিকেল বোর্ড এবং অভ্যন্তরীণ যাচাই বাছাই কমিটিকে একীভূত করে মহাপরিচালককে সভাপতি করে ১টি বাছাই কমিটি করা হয়েছে; ◆ এতে অন্য দপ্তরের ওপর নির্ভরশীলতা কমেছে এবং অনুদান মঞ্জুরিতে প্রায় ১২ দিন সময় সাশ্রয় হয়েছে। সময়সীমিত কর্মপরিকল্পনা: ◆ প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠান (পূর্ববর্তী মাসের সকল আবেদন নিয়ে); ◆ প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান; ◆ প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে ইএফটি এর তালিকা ব্যাংকে প্রেরণ।	১৩/০৯/২০২১ (বিধিমালা সংশোধনের মাধ্যমে কার্যকর করা হয়েছে)

TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

ক্ষেত্র	পূর্বের পদ্ধতি	বর্তমান পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৩৫ কার্যদিবস	২২ কার্যদিবস
খরচ (নাগরিক)	ব্যক্তি – প্রায় ১,৫০০/- (যাতায়াতের জন্য নাগরিকের খরচ)	ব্যক্তি - প্রায় ৫০০/- (যাতায়াতের জন্য নাগরিকের খরচ)
যাতায়াত	২-৩ বার	০-১ বার
ধাপ	৫০টি	২০ টি
জনবল	৩ জন + ৩টি কমিটিতে ১৪জন = ১৭ জন	৩ জন + ২টি কমিটিতে ১০জন = ১৩ জন
দাখিলীয় কাগজপত্র	৬টি ১. হাসপাতালে ভর্তি হয়ে থাকলে মূল ছাড়পত্র (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতिस্বাক্ষরিত); ২. চিকিৎসা সংক্রান্ত বিল ভাউচার এর মূলকপি (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত); ৩. এক কপি সত্যায়িত ছবি; ৪. চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থাপত্র ও রিপোর্ট (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত); ৫. চিকিৎসা সংক্রান্ত খরচের হিসাববিবরণী (কর্মচারীর স্বাক্ষর সহ); ৬. জাতীয় বেতনস্কেল, ২০১৫-এ বেতননির্ধারণ (Pay-fixation) ফরমের সত্যায়িত ফটোকপি।	৬টি ১. হাসপাতালে ভর্তি হয়ে থাকলে মূল ছাড়পত্র (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত); ২. চিকিৎসা সংক্রান্ত বিল ভাউচার এর মূলকপি (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত); ৩. এক কপি সত্যায়িত ছবি; ৪. চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থাপত্র ও রিপোর্ট (অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত); ৫. চিকিৎসা সংক্রান্ত খরচের হিসাববিবরণী (কর্মচারীর স্বাক্ষর সহ); ৬. জাতীয় বেতনস্কেল, ২০১৫-এ বেতননির্ধারণ (Pay-fixation) ফরমের সত্যায়িত ফটোকপি।

সেবার নাম: কল্যাণ-যৌথবীমা-দাফন অনুদান

নং	উদ্যোগের নাম	উদ্যোগের বিবরণ	সহজিকরণ কার্যক্রম বাস্তবায়নের তারিখ
	“সরকারি কর্মচারীদের কল্যাণে সমন্বিত ই-অনুদান সিস্টেম বিভাগীয় পর্যায়ে বাস্তবায়ন”	কোন কর্মচারী কর্মরত/অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন অনুদান (কর্মরত ও অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুজনিত) পেয়ে থাকেন। বর্ণিত ৪টি সেবাকে একীভূত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন প্রদানের অনলাইন ব্যবস্থাপনা চালু করা হয়।	<p style="text-align: center;">বিভাগীয় পর্যায়ে</p> <p style="text-align: center;">১৫/১২/২০২১</p> <p style="text-align: center;">(বিজ্ঞপ্তি জারির মাধ্যমে কার্যকর করা হয়েছে)</p> <p>☐ সফটওয়্যারের লিংক: sss.bkkb.gov.bd</p> <p>☐ বিভাগীয় পর্যায়ে অনলাইন ব্যবস্থাপনা চালুর বিজ্ঞপ্তি জারি: ১৪/১১/২০২১</p>